যুগান্তর

তারিখ 27 DEC 2016
পৃষ্ঠা ৭ কলাম ১৬

সহায়ক বই প্রকাশের বিধান বহাল দাবি

# আজ ও কাল ২৮ হাজার বইয়ের দোকান বন্ধ

**যুগান্তর রিপোর্ট**

জাতীয় পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) অনুমোদন ছাড়াই সহায়ক পাঠ্যবই প্রকাশের বিধান প্রস্তাবিত শিক্ষা আইনে বহাল রাখার দাবিতে পুস্তক প্রকাশক ও ব্যবসায়ীরা সোমবার ঢাকাসহ সারা দেশে মানববন্ধন করেছেন। দাবি আদায়ের লক্ষ্যে আজ থেকে টানা দু'দিন দেশের সব বইয়ের দোকানও (লাইব্রেরি) বন্ধ রাখা হবে। এর ফলে ৪৮ ঘণ্টায় দেশের প্রায় ২৮ হাজার লাইব্রেরিতে বইপত্রসহ কোনো শিক্ষা উপকরণ বিক্রি হবে না। এই দু'দিনও তারা সারা দেশে নানা কর্মসূচি পালন করবেন। এর মধ্যে দাবি আদায় না হলে ৭ জানুয়ারির পর কঠোর কর্মসূচিতে যাবেন তারা।

পূর্ব ঘোষণা অনুযায়ী সোমবার বেলা ১১টা থেকে এক ঘণ্টা সব জেলায় প্রেস ক্লাবের সামনে পুস্তক ব্যবসায়ীরা মানববন্ধন করেন। বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির (বাপুস) ডাকে কেন্দ্রীয় কর্মসূচি পালিত হয় রাজধানীতে জাতীয় প্রেস ক্লাবের সামনে। এতে পুস্তক সংশ্লিষ্ট আরও ৫টি সংগঠন একাত্মতা প্রকাশ করে। সংগঠনগুলো হচ্ছে, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি, মুদ্রণ শিল্প সমিতি, পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিপণন সমিতি, পেপার মার্চেন্ট অ্যাসোসিয়েশন এবং ওয়াস্ট পেপার মার্চেন্ট অ্যাসোসিয়েশন। ঢাকার কর্মসূচি থেকে শিক্ষা আইনে সহায়ক পাঠ্যবইয়ের বিরোধিতাকারী দেশের শিক্ষাবিদ ও বুদ্ধিজীবীদের গল্প-উপন্যাসসহ সৃজনশীল বই মুদ্রণ, বিক্রি ও সংরক্ষণ না করার ব্যাপারে আবার হুমকি দেয়া হয়।